

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
**ওয়েজ আর্নিস কল্যাণ বোর্ড**  
প্রবাসী কল্যাণ ভবন  
৭১-৭২, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা  
[www.wewb.gov.bd](http://www.wewb.gov.bd)

নম্বর-৪৯.০৪.০০০০.০০৪.১৮.১১৬.২০২০-০০১

তারিখ: ২১ পৌষ ১৪২৭  
০৫ জানুয়ারি ২০২১

- বিষয় : মাসিক সমন্বয় সভা “নভেম্বর ২০২০” কার্যবিবরণী।
- সভাপতি : মোঃ হামিদুর রহমান  
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)  
ওয়েজ আর্নিস কল্যাণ বোর্ড।
- স্থান : প্রবাসী কল্যাণ ভবন, বিজয় ৭১ মিলনায়তন (২য় তলা)।
- তারিখ ও সময় : ১৭ ডিসেম্বর ২০২০, সকাল: ১১.০০ টা।
- উপস্থিতি : পরিশিষ্ট “ক”।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। শুরুতেই সভাপতি সকলকে বিজয় দিবসের শুভেচ্ছা জানান এবং ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধে আত্মত্যাগী শহীদদের অবদানের কথা স্মরণ করেন। একই সংক্ষে সবারইকে মুজিববর্ষের শুভেচ্ছা জানান এবং প্রবাসী কর্মীদের কল্যাণে মাননীয় প্রধানমন্ত্রীর নেয়া বিভিন্ন উদ্যোগ ও উৎসাহের কথা তুলে ধরেন। সভাপতির অনুমতিক্রমে পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) মুশাররাত জেবীন বিগত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন এবং কার্যবিবরণী সঠিকভাবে লিপিবদ্ধ হওয়ায় তা দৃঢ়ীকরণ করা হয়। বিগত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি নিয়ে আলোচনা হয়। আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রম	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্মকর্তা
১.	মন্ত্রণালয় ও অন্যান্য দপ্তর হতে প্রাপ্ত আবেদন/পত্র নিষ্পত্তি।	প্রশাসন শাখা, প্রকিউরমেন্ট, স্টোর, যানবাহন, ডেসপাস, মৃতদেহ আনয়ন, সংশ্লিষ্ট দেশে মৃতদেহ দাফন, জেলে আটক ও প্রবাসীদের আইনী সহায়তার তথ্যাদি সম্পর্কে আলোচনা হয়। প্রশাসন শাখার কার্যক্রম এবং অন্যান্য পরিচালকের কার্যক্রম সমন্বয়পূর্বক উপপরিচালক (আরপিটি) কর্তৃক একটি পূর্ণাঙ্গ প্রতিবেদন পরবর্তী মাসিক সমন্বয় সভায় উপস্থাপনের বিষয়ে আলোচনা হয়।	প্রশাসন শাখা কর্তৃক দাখিলকৃত তথ্যাদির সাথে অন্যান্য পরিচালকের কার্যক্রমের তথ্যাদি সমন্বয়পূর্বক উপপরিচালক (আরপিটি) কর্তৃক একটি পূর্ণাঙ্গ প্রতিবেদন পরবর্তী মাসিক সমন্বয় সভায় উপস্থাপনের নির্দেশনা প্রদান করেন।	পরিচালক (প্রশাসন ও উন্নয়ন)
২.	আর্থিক অনুদান, ক্ষতিপূরণ ও বকেয়া সংক্রান্ত নির্ধারিত “ছক”।	প্রবাসে মৃত কর্মীর পরিবারকে ওয়েজ আর্নিস কল্যাণ বোর্ড হতে আর্থিক অনুদান, নিয়োগকর্তার নিকট হতে প্রাপ্ত মৃত্যুজনিত ক্ষতিপূরণ, বকেয়া পাওনা, সার্ভিস বেনিফিট ও ইন্সুরেন্সের অর্থ বিতরণ সংক্রান্ত নির্ধারিত “ছক” এ বর্ণিত তথ্যের উপর বিস্তারিত আলোচনা হয় এবং কর্মকর্তা/কর্মচারীদের নিরলস পরিশ্রমের প্রেক্ষিতে আগত কেসের চেয়ে নিষ্পত্তিকৃত কেসের পরিমাণ বৃদ্ধি পাওয়ায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। পূর্বের ধারাবাহিকতা বজায় রেখে কাজের গতিশীলতা বৃদ্ধির লক্ষ্যে কর্মকর্তা/কর্মচারীদের মধ্যে সর্বাধিক সংখ্যক নথি নিষ্পত্তিকারীকে মাসিক সমন্বয় সভায় সম্মানী/গিফট প্রদানের বিষয়ে আলোচনা হয়।	আলোচনান্তে পূর্বের ধারাবাহিকতা বজায় রেখে কাজের গতিশীলতা বৃদ্ধির লক্ষ্যে কর্মকর্তা/কর্মচারীদের মধ্যে সর্বাধিক সংখ্যক নথি নিষ্পত্তিকারীকে মাসিক সমন্বয় সভায় সম্মানী/গিফট প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।	পরিচালক (অর্থ ও কল্যাণ) ও পরিচালক (আইআরপি)



ক্রম	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্মকর্তা
৩.	বিদ্যমান ইআরপি সফটওয়্যারে আংশিক পরিবর্তন ও পরিমার্জন।	কল্যাণ বোর্ডের কার্যক্রমের সাথে সামঞ্জস্য রেখে ইআরপি সফটওয়্যারে আংশিক পরিবর্তন, পরিমার্জন ও চাহিদা অনুযায়ী সকল প্রকার রিপোর্ট পাওয়ার নিমিত্ত আইটি শাখার সিস্টেম এ্যানালিস্ট মোঃ মামুন অর রশিদ ও ওয়েবসাইট ডিজাইন এন্ড ডেভেলপার পাশ্চু মজুমদার ইআরপি সফটওয়্যারের অগ্রগতির বিষয়ে একটি সুস্পষ্ট মতামত মহাপরিচালকের নিকট উপস্থাপন করবেন এবং উক্ত কার্যক্রম পরবর্তী মাসিক সমন্বয় সভার পূর্বে বাস্তবায়নের বিষয়ে সভায় আলোচনা হয়।	আলোচনান্তে আগামী ২৪-১২-২০২০ তারিখের মধ্যে আইটি শাখার সিস্টেম এ্যানালিস্ট মোঃ মামুন অর রশিদ ও ওয়েবসাইট ডিজাইন এন্ড ডেভেলপার পাশ্চু মজুমদার ইআরপি সফটওয়্যারের অগ্রগতির বিষয়ে একটি সুস্পষ্ট মতামত মহাপরিচালকের নিকট উপস্থাপন করবেন এবং উক্ত কার্যক্রম পরবর্তী মাসিক সমন্বয় সভার পূর্বে বাস্তবায়নের নির্দেশনা প্রদান করেন।	পরিচালক (আইআরপি) ও উপ-পরিচালক (কল্যাণ)
৪.	প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের শিক্ষাবৃত্তির চেক বিতরণ এবং শিক্ষাবৃত্তি সার্টিফিকেট প্রদান।	(ক) প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের শিক্ষাবৃত্তির চেক যথা- ঢাকা, নারায়ণগঞ্জ, মুন্সিগঞ্জ, মানিকগঞ্জ ও গাজীপুর জেলার শিক্ষাবৃত্তির চেক স্থগিত রেখে অন্যান্য জেলার শিক্ষাবৃত্তির চেক দ্রুত বিতরণ করার জন্য নির্দেশনা প্রদান করেন। এছাড়াও শিক্ষাবৃত্তি প্রদান সংক্রান্ত প্রস্তাবিত সফটওয়্যার চূড়ান্ত পর্যায় রয়েছে।  (খ) উপ-পরিচালক (কল্যাণ) বলেন, প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের শিক্ষা বৃত্তির পাশাপাশি কল্যাণ বোর্ড হতে শিক্ষাবৃত্তি সার্টিফিকেট প্রদান করার বিষয়ে আলোচনা হয়।	(ক) প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের শিক্ষাবৃত্তির চেক যথা- ঢাকা, নারায়ণগঞ্জ, মুন্সিগঞ্জ, মানিকগঞ্জ ও গাজীপুর জেলার শিক্ষাবৃত্তির চেক স্থগিত রেখে অন্যান্য জেলার শিক্ষাবৃত্তির চেক দ্রুত বিতরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।  (খ) প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের শিক্ষাবৃত্তির পাশাপাশি কল্যাণ বোর্ড হতে শিক্ষাবৃত্তি সার্টিফিকেট প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।	পরিচালক (আইআরপি)
৫.	প্রবাসী কর্মীর প্রতিবন্ধী সন্তানদের ভাতা প্রদান।	প্রস্তাবিত সফটওয়্যারে পূর্ণাঙ্গ তথ্যাদি সংযোজনপূর্বক প্রবাসী কর্মীর প্রতিবন্ধী সন্তানদের ভাতা প্রদানের বিষয়ে মহাপরিচালক নির্দেশনা প্রদান করেন।	আলোচনান্তে প্রবাসী কর্মীর প্রতিবন্ধী সন্তানদের ভাতা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।	পরিচালক (আইআরপি)
৬.	কল্যাণ বোর্ডের পুরাতন ও অকেজো গাড়ী নিলামে বিক্রয়।	ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ডের পুরাতন গাড়ীগুলো ব্যবহারের অনুপযোগী হয়ে পড়েছে। পুরাতন গাড়ীগুলো প্রায়ই যান্ত্রিক ত্রুটি দেখা দেয়। ফলে গাড়ীগুলো পরিচালনার ক্ষেত্রে রক্ষণাবেক্ষণ ও মেরামত ব্যয় অনেকাংশে বৃদ্ধি পেয়েছে। এমতাবস্থায়, পুরাতন ও অকেজো গাড়ীগুলো নিলামে বিক্রয়ের নিমিত্ত সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্রতিনিধিদের সাথে যোগাযোগপূর্বক দ্রুত সভা আহবান করে গাড়ীগুলো বিক্রয়ের বিষয়ে আলোচনা হয়।	আলোচনান্তে বোর্ডের পুরাতন ও অকেজো গাড়ীগুলোর রক্ষণাবেক্ষণ ও মেরামত ব্যয় বৃদ্ধি পাওয়ায় সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্রতিনিধিদের সাথে দ্রুত সভা আহবান করে গাড়ীগুলো নিলামে বিক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হয়।	পরিচালক (প্রশাসন ও উন্নয়ন)
৭.	বিমানবন্দরস্থ প্রবাসী কল্যাণ ডেস্ক হতে প্রবাসে মৃত কর্মীর পূর্ণাঙ্গ তথ্য ইআরপি সফটওয়্যারে এন্ট্রিকরণ।	বিমানবন্দরস্থ প্রবাসী কল্যাণ ডেস্ক হতে প্রবাসে মৃত কর্মীর তথ্যাদি ইআরপি সফটওয়্যারে এন্ট্রিকরণ সময় ডাকঘর ও কোড নম্বর উল্লেখ করা হয় না। ফলে মৃতের ঠিকানায় চাহিদাপত্র প্রেরণে জটিলতা সৃষ্টি হয়। উক্ত সফটওয়্যারে ডাকঘর ও কোড নম্বর এবং ই-মেইল আইডি (মৃতের ওয়ারিশ/নিকট আত্মীয়ের) ইআরপি সফটওয়্যারে এন্ট্রিকরণ বাধ্যতামূলক করার বিষয়ে সভায় আলোচনা হয়।	আলোচনান্তে প্রবাসে মৃত কর্মীর তথ্যাদি সফটওয়্যারে এন্ট্রিকরণ সময় ডাকঘর ও কোড নম্বর এবং ই-মেইল আইডি (মৃতের ওয়ারিশ/নিকট আত্মীয়ের) ইআরপি সফটওয়্যারে এন্ট্রিকরণ বাধ্যতামূলক করার সিদ্ধান্ত গৃহীত হয়।	পরিচালক (আইআরপি)
৮.	মোবাইল অ্যাপস ক্রয়।	ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ডের কার্যক্রম ও সেবাসমূহ সম্পর্কে মানুষ এখনও অবগত নন। কল্যাণ বোর্ড অত্যন্ত দ্রুত এবং মানবিকতার সাথে অভিবাসী কর্মীর পরিবারকে আর্থিক অনুদানসহ বিভিন্ন সমস্যার সহায়তা দিয়ে থাকে। প্রস্তাবিত মোবাইল অ্যাপস ক্রয়ের বিষয়ে আইটি শাখার সিস্টেম এ্যানালিস্ট মোঃ মামুন অর	আলোচনান্তে প্রস্তাবিত মোবাইল অ্যাপস ক্রয়ের বিষয়ে আইটি শাখার সিস্টেম এ্যানালিস্ট মোঃ মামুন অর রশিদের নেতৃত্বে ৪ সদস্য বিশিষ্ট কমিটি কর্তৃক মোবাইল অ্যাপস কোম্পানীর দাখিলকৃত দর যাচাই-বাছাই ও বর্তমান বাজার	পরিচালক (আইআরপি)

ক্রম	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্মকর্তা
		রশিদের নেতৃত্বে ডাটাবেইজ এ্যাডমিনিস্ট্রেটর সাইদুল ইসলাম, ওয়েবসাইট ডিজাইন এন্ড ডেভেলপার পাঞ্চু মজুমদার ও এ্যাসিস্টেন্ট মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার মোঃ মাসুদ পারভেজসহ ৪ সদস্য বিশিষ্ট কমিটি কর্তৃক মোবাইল অ্যাপস কোম্পানীর দাখিলকৃত দর যাচাই-বাছাই ও বর্তমান বাজার মূল্য সংগ্রহ করে ৭ (সাত) কার্যদিবসের মধ্যে মহাপরিচালকের নিকট একটি পূর্ণাঙ্গ প্রতিবেদন দাখিল এবং পিপিআর অনুসরণপূর্বক মোবাইল অ্যাপস ক্রয়ের বিষয়ে সভায় আলোচনা হয়।	মূল্য সংগ্রহ করে ৭ (সাত) কার্যদিবসের মধ্যে মহাপরিচালকের নিকট একটি পূর্ণাঙ্গ প্রতিবেদন দাখিলের জন্য নির্দেশনা প্রদান করেন এবং পিপিআর অনুসরণ পূর্বক মোবাইল অ্যাপস ক্রয়ের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	
৯.	বিএমইটির অধীন ডিইএমও'র সাথে মতবিনিময় সভা।	বর্তমান পরিস্থিতি বিবেচনায় কোভিড-১৯ দ্বিতীয় ঢেউয়ের কারণে বিএমইটি'র অধীন জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস (ডিইএমও)'র সহকারী পরিচালক/ ভারপ্রাপ্ত কর্মকর্তাদের সাথে ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ডের কর্মকর্তা/কর্মচারীদের সমন্বয়ে মতবিনিময় সভা অনুষ্ঠানের জন্য ৪২টি ডিইএমওকে তিন ভাগে বিভক্ত করে ১৪টি ডিইএমও'র সাথে আপাততঃ Zoom এর মাধ্যমে ভার্চুয়ালি মতবিনিময় সভার বিষয়ে আলোচনা হয়।	আলোচনান্তে ৪২টি জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস (ডিইএমও)কে তিন ভাগে বিভক্ত করে আপাততঃ Zoom এর মাধ্যমে ভার্চুয়ালি মতবিনিময় সভা অনুষ্ঠানের সিদ্ধান্ত গৃহীত হয়।	পরিচালক (প্রশাসন ও উন্নয়ন)
১০.	মুজিব শতবর্ষ উপলক্ষ্যে প্রবাসে কর্মরত বীর মুক্তিযোদ্ধা সন্তানদের সম্মাননা প্রদান।	মহাপরিচালক মহোদয়ের অনুমতিক্রমে উপ-পরিচালক (অর্থ ও বোর্ড সভা) মুহাম্মদ হাবিবুল্লাহ বাহার বলেন, মুজিব শতবর্ষ উপলক্ষ্যে প্রবাসে কর্মরত বীর মুক্তিযোদ্ধার সন্তানদের ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড হতে সম্মাননা প্রদান করে মুক্তিযোদ্ধাদের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপনের বিষয়ে সভায় আলোচনা হয়।	মুজিব শতবর্ষ উপলক্ষ্যে প্রবাসে কর্মরত বীর মুক্তিযোদ্ধার সন্তানদের ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড হতে সম্মাননা প্রদান করা হবে।	পরিচালক (প্রশাসন ও উন্নয়ন)
১১.	সহকারী পরিচালক পর্যায়ে চাহিদাপত্রে স্বাক্ষর ও টিএন্ডটি টেলিফোন সংযোগ।	(ক) উপ-পরিচালক (কল্যাণ) শরীফুল ইসলাম বলেন, প্রবাসে মৃত কর্মীর পরিবারের আবেদনের প্রেক্ষিতে কল্যাণ বোর্ড হতে উপপরিচালকের স্বাক্ষরে চাহিদাপত্র ইস্যু করা হয়। কল্যাণ বোর্ডের সেবাসমূহ প্রবাসে মৃত কর্মীর পরিবারের দোর-গোড়ায় দ্রুততম সময়ে পৌঁছে দেয়ার লক্ষ্যে অত্র দপ্তরের সহকারী পরিচালকদেরকে আরও দায়িত্বশীল কার্যক্রমের সাথে সম্পৃক্ত করা প্রয়োজন। সে প্রেক্ষিতে ইস্যুকৃত চাহিদাপত্রে উপ-পরিচালকের স্বাক্ষরের পরিবর্তে সহকারী পরিচালকদেরকে স্বাক্ষর করার বিষয়ে আলোচনা হয়।  (খ) কল্যাণ বোর্ডের কার্যক্রমের পরিধি বিবেচনায় প্রবাসে মৃত কর্মীর পরিবারের ওয়ারিশের সাথে টেলিফোনে সরাসরি যোগাযোগ করে নথি দ্রুত নিষ্পত্তি করার জন্য সহকারী পরিচালক পর্যায়ে টিএন্ডটি টেলিফোন সংযোগের বিষয়ে সভায় আলোচনা হয়।	(ক) আলোচনান্তে প্রবাসে মৃত কর্মীর পরিবারের অনুকূলে ইস্যুকৃত চাহিদাপত্র উপ-পরিচালকের স্বাক্ষরের পরিবর্তে সহকারী পরিচালকদেরকে স্বাক্ষর করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।  (খ) কল্যাণ বোর্ডের কার্যক্রমের পরিধি বিবেচনায় সহকারী পরিচালক পর্যায়ে টিএন্ডটি টেলিফোন সংযোগের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	পরিচালক (প্রশাসন ও উন্নয়ন)
১২.	চুক্তিভিত্তিক একজন ডাক্তার নিয়োগ।	মহাপরিচালক মহোদয়ের অনুমতিক্রমে উপ-পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) হালিমা আহমেদ বলেন, ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ডের অধীনে বর্তমানে স্থায়ী ও অস্থায়ী মোট ২৫৭ জন কর্মকর্তা/কর্মচারী নিয়োজিত আছেন। এদের মধ্যে প্রায় অর্ধশতাধিক কর্মকর্তা/কর্মচারীর বয়স পঞ্চাশ অতিক্রম করেছে। অনেকে ডায়বেটিকস, উচ্চরক্তচাপ ও হৃদরোগসহ বিভিন্ন জটিল রোগে	আলোচনান্তে অন্যান্য প্রতিষ্ঠানের ধারাবাহিকতায় ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ডের কর্মকর্তা/ কর্মচারীদেরকে তাৎক্ষণিক সেবা প্রদানের লক্ষ্যে চুক্তিভিত্তিক একজন ডাক্তার নিয়োগের বিষয়ে একমত পোষণ করেন।	পরিচালক (প্রশাসন ও উন্নয়ন)

ক্রম	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্মকর্তা
		ভুগছেন। প্রায়ই অনেক কর্মকর্তা/কর্মচারী কর্মরত অবস্থায় অসুস্থ হয়ে পড়েন। সে প্রেক্ষিতে চুক্তিভিত্তিক একজন ডাক্তার নিয়োগ দেয়া প্রয়োজন। উক্ত আলোচনার প্রেক্ষিতে মহাপরিচালক মহোদয় বলেন যে, অন্যান্য সংবিধিবদ্ধ/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের স্বাস্থ্য সুরক্ষার জন্য মেডিকেল ইউনিট রয়েছে। অন্যান্য প্রতিষ্ঠানের ধারাবাহিকতায় ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ডের কর্মকর্তা/কর্মচারীদের তাৎক্ষনিক সেবা প্রদানের লক্ষ্যে চুক্তিভিত্তিক একজন ডাক্তার নিয়োগের বিষয়ে সভায় আলোচনা হয়।		

বর্তমানে বৈশ্বিক মহামারি “কোভিড-১৯” দ্বিতীয় ডেউ পরিলক্ষিত হওয়ায় মহাপরিচালক সংশ্লিষ্ট সকল কর্মকর্তা-কর্মচারীগণকে সতর্কতা ও সচেতনতার সাথে দায়িত্ব পালনের অনুরোধ করেন। সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মোঃ হামিদুর রহমান)

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ২। পরিচালক (অর্থ ও কল্যাণ/তথ্য-প্রযুক্তি, গবেষণা ও পরিকল্পনা/প্রশাসন ও উন্নয়ন), ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড, ঢাকা।
- ৩। সচিবের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। উপপরিচালক (সকল), ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড, ঢাকা।
- ৫। সিস্টেম এনালিস্ট/ডাটাবেইজ এ্যাডমিনিস্ট্রেটর, ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। সহকারী পরিচালক, প্রবাসী কল্যাণ ডেস্ক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।
- ৭। সহকারী পরিচালক (সকল), ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড, ঢাকা।
- ৮। উপসহকারী পরিচালক (সকল), ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড, ঢাকা।
- ৯। সংশ্লিষ্ট সকল নথি উপস্থাপনকারী, ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড, ঢাকা।
- ১০। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড, ঢাকা।
- ১১। অফিস নথি/২০২০।